

গনপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
শ্রম ও কর্মসংস্থান মন্ত্রণালয়
পরিকল্পনা শাখা-১


স্মারক নং-৪০.০০.০০০০.০২৬.১৪.০৮৯.১৮/৪৮৪

তারিখঃ ০৩/০৫/২০১৮

বিষয়ঃ শ্রম ও কর্মসংস্থান মন্ত্রণালয়ের আওতায় “নারায়ণগঞ্জ বন্দরে এবং চট্টগ্রাম কালুরঘাটে মহিলা শ্রমজীবী হোস্টেল এবং ০৫ শয্যার হাসপাতাল সুবিধাসহ শ্রম কল্যাণ কেন্দ্র নির্মাণ” শীর্ষক প্রকল্পের প্রকল্প পরিচালক হিসাবে, জনাব আবু আশরীফ মাহমুদকে (পরিচালক, প্রশাসন ও পরিকল্পনা) সাময়িক দায়িত্ব প্রদান প্রসঙ্গে।

উপর্যুক্ত বিষয় ও সূত্রের প্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, “নারায়ণগঞ্জ বন্দরে এবং চট্টগ্রাম কালুরঘাটে মহিলা শ্রমজীবী হোস্টেল এবং ০৫ শয্যার হাসপাতাল সুবিধাসহ শ্রম কল্যাণ কেন্দ্র নির্মাণ” শীর্ষক প্রকল্পটি প্রকল্পটি ১১৫০৭.২৩ লক্ষ [(একশত পনের কোটি সাত লক্ষ তেইশ হাজার) টাকা; যার মধ্যে জিওবি (অনুদান) ১১০০৭.২৩ লক্ষ টাকা (একশত দশ কোটি সাত লক্ষ তেইশ হাজার) এবং অন্যান্য (গৃহায়ণ তহবিলের ঋণ) ৫০০.০০ লক্ষ (পাঁচ কোটি)] টাকা প্রাক্কলিত ব্যয়ে ০১ এপ্রিল ২০১৮ হতে ৩১ ডিসেম্বর ২০২০ পর্যন্ত মেয়াদে বাস্তবায়নের জন্য গত ১০/০৪/২০১৮ তারিখে একনেক কর্তৃক অনুমোদিত হয়েছে এবং ০৩/০৫/২০১৮ তারিখে অত্র মন্ত্রণালয় কর্তৃক প্রকল্পের প্রশাসনিক আদেশ জারি করা হয়েছে।

০২। এমতাবস্থায়, বর্ণিত প্রকল্পটি বাস্তবায়নের নিমিত্তে জনপ্রশাসন মন্ত্রণালয় হতে প্রকল্পের পূর্ণাঙ্গ প্রকল্প পরিচালক নিয়োগের পূর্ব পর্যন্ত শ্রম অধিদপ্তরের জনাব আবু আশরীফ মাহমুদকে (পরিচালক, প্রশাসন ও পরিকল্পনা), সাময়িকভাবে প্রকল্প পরিচালকের দায়িত্ব প্রদান করা হল।


(সঞ্জয় কুমার ঘোষ)
সহকারী প্রধান
ফোনঃ ৯৫৭৩৭৭৫

মন্ত্র-পরিচালক,
শ্রম অধিদপ্তর, ৪নং রাজউক এভিনিউ,
ঢাকা-১০০০।

সদয় অবগতির জন্য (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়):

- ১। সচিব, অর্থ বিভাগ, অর্থ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ২। সদস্য, আর্থ-সামাজিক অবকাঠামো বিভাগ, পরিকল্পনা কমিশন, শের-ই-বাংলা নগর, ঢাকা
(দৃঃ আঃ যুগ্ম-প্রধান, জনসংখ্যা ও পরিকল্পনা উইং)
- ৩। সদস্য, কার্যক্রম বিভাগ, পরিকল্পনা কমিশন, শের-ই-বাংলা নগর, ঢাকা।
- ৪। সদস্য, সাধারণ অর্থনীতি বিভাগ, পরিকল্পনা কমিশন, শের-ই-বাংলা নগর, ঢাকা।
- ৫। সচিব, বাস্তবায়ন পরিবীক্ষণ ও মূল্যায়ন বিভাগ, শের-ই-বাংলা নগর, ঢাকা।
- ৬। যুগ্ম-সচিব (উন্নয়ন), শ্রম ও কর্মসংস্থান মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ৭। মাননীয় প্রতিমন্ত্রীর একান্ত সচিব, শ্রম ও কর্মসংস্থান মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ৮। সচিব মহোদয়ের একান্ত সচিব, শ্রম ও কর্মসংস্থান মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।